বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫২

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬৫তম কমিশন সভার সিদ্ধান্ত।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬৫তম কমিশন সভা গত ২৯/০৭/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

**১।** নেগেটিভ ইক্যুইটি বা আনরিয়েলাইজড লসের উপর প্রভিশন সংরক্ষণের সুনির্দিষ্ট ও গ্রহণযোগ্য কর্মপরিকল্পনা তৈরি করে পরিচালনা পর্ষদের অনুমোদনসহ ৩০ জুন, ২০২৫ এর মধ্যে কমিশনে জমা প্রদানের শর্ত সাপেক্ষে স্টক ব্রোকার এবং মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজারদের গ্রাহকের মার্জিন অ্যাকাউন্টে আনরিয়েলাইজড লস বা সৃষ্ট নেগেটিভ ইক্যুইটির উপর প্রভিশন সংরক্ষণের সময়সীমা ডিসেম্বর ৩১, ২০২৫ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত নিয়েছিল কমিশন। উক্ত সময়সীমার মধ্যে শর্ত পরিপালনে অনেকে ব্যর্থ হওয়ায় এবং ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর অনুরোধের প্রেক্ষিতে কর্মপরিকল্পনা জমা দানের বিষয়ে ৯৬৫তম কমিশন সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মক্কেলের Margin Account এ Negative Equity এর বিপরীতে এবং স্টকব্রোকারদের Dealer Account ও মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব পোর্টফলিওতে Unrealized Loss এর বিপরীতে প্রভিশন সংরক্ষণের একটি সুনির্দিষ্ট ও গ্রহণযোগ্য কর্ম পরিকল্পনা (Action Plan) প্রস্তুত করতঃ পরিচালনা পর্ষদের অনুমোদনসহ কমিশনে জমা দেয়ার জন্য স্টক ব্রোকার এবং মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজারদের ৩০ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত সময় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; ও

(খ) পূর্বে যারা বোর্ড অনুমোদন ব্যতিত কর্ম পরিকল্পনা দাখিল করেছেন সেসকল বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহকে ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে পুনরায় বোর্ড অনুমোদনসহ কর্মপরিকল্পনা কমিশনে দাখিল করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**২।** সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এর আবেদনের প্রেক্ষিতে বার্ষিক বিও হিসাব মেইন্টেন্যান্স ফি হিসাব করার জন্য cut-off date ৩১ আগস্ট ২০২৫ এবং এ সংক্রান্ত ভাউচার প্রস্তুতের তারিখ ১ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

৩০/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র